

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৫৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১৫] ১৮। দুধপান (کتاب الرضاع) পরিচ্ছেদঃ ১৬. কুমারীর পানিগ্রহণ মুস্তাহাব

# باب اسْتِحْبَابِ نِكَاحِ الْبِكْرِ

#### আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، وَأَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ، قَالَ يَحْيَى أَخْبَرَنَا حَمَّادُ بْنُ زَيْد، عَنْ عَمْرِو بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ عَبْدَ اللَّهِ، هَلَكَ وَتَرَكَ تِسْعَ بَنَاتٍ \_ أَوْ قَالَ سَبْعَ \_ فَتَزَوَّجْتُ امْرَأَةً تَيِّبًا فَقَالَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَا جَابِرُ تَزَوَّجْتَ " . قَالَ قُلْتُ بَلْ ثَيِّبٌ يَا رَسُولَ اللَّهِ . قَالَ " فَهَلاَّ قَالَ قُلْتُ نَعَمْ . قَالَ " فَبِكْرٌ أَمْ ثَيِّبٌ " . قَالَ قُلْتُ بَلْ ثَيِّبٌ يَا رَسُولَ اللَّهِ . قَالَ " فَهَلاَّ جَارِيَةً تُلاَعِبُهَا وَتُلاَعِبُهَا وَتُلاَعِبُهَا وَتُحْمَاحِكُهَا وَتُضَاحِكُكَ " . قَالَ قُلْتُ لَهُ إِنَّ عَبْدَ اللَّهِ هَلَاكَ وَتَرَكَ تِسْعَ بَنَاتٍ \_ أَوْ قَالَ " تُضَاحِكُهَا وَتُضَاحِكُكَ " . قَالَ قُلْتُ لَهُ إِنَّ عَبْدَ اللَّهِ هَلَكَ وَتَرَكَ تِسْعَ بَنَاتٍ \_ أَوْ سَبْعَ \_ وَإِنِّي كَرِهْتُ أَنْ آتِيَهُنَّ أَوْ أَجِيئَهُنَّ بَمِثْلِهِنَّ فَأَحْبَبْتُ هُلَكَ وَتَرَكَ تِسْعَ بَنَاتٍ \_ أَوْ سَبْعَ \_ وَإِنِّي كَرِهْتُ أَنْ آتِيَهُنَّ أَوْ أَجِيئَهُنَّ أَوْ أَجِيئَهُنَّ بِمِثْلِهِنَ فَأَحْبَبْتُ وَتُصَاحِكُهَا وَتُصَاحِكُكَ " . أَوْ قَالَ لِي خَيْرًا وَفِي هَلَكَ وَتَرَكَ تِسْعَ بَنَاتٍ \_ أَوْ سَبْعَ \_ وَإِنِي كَرِهْتُ أَنْ آتِيَهُنَّ أَوْ أَجِيئَهُنَّ بَمِثْلُهِنَ فَأَحْبَبْتُ أَقْ أَجِيئَهُنَ أَوْ أَجِيئَهُنَ بَالْمُ لِكَ " . أَوْ قَالَ لِي خَيْرًا وَفِي رَوَايَةٍ أَبِي الرَّبِعِ " تُلاَعِبُهَا وَتُصَاحِكُهَا وَتُضَاحِكُهَا وَتُضَاحِكُكَ " . قَالَ اللَّهُ لَكَ " . أَوْ قَالَ لِي خَيْرًا وَفِي رُوايَةٍ أَبِي الرَّبِعِ " تُلاَعِبُهَا وَتُطَاحِكُهُنَّ . قَالَ " فَبُعَارِكَ اللَّهُ لَكَ " . أَوْ قَالَ لِي خَيْرًا وَفِي رُوايَةٍ أَبِي الرَّبِعِ " تُلاَعِبُهَا وَتُطَعَاحِكُهَا وَتُضَاحِكُهَا وَتُضَاحِكُكَ " .

#### বাংলা

৩৫৩০-(৫৬/...) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া ও আবৃ রবী' আয যাহরানী (রহিমাহুমাল্লাহ) ..... জাবির ইবনু আবদুল্লাহ (রাযিঃ) থেকে বর্ণিত যে, আবদুল্লাহ (রাযিঃ) মৃত্যু (শাহাদাত) বরণ করলেন এবং নয়টি (কিংবা তিনি বলেছেন, সাতটি) কন্যা রেখে গেলেন। পরে আমি (জাবির) এক বিধবা মহিলাকে বিয়ে করলাম। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, হে জাবির! তুমি বিয়ে করেছো? আমি বললামঃ হ্যাঁ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তা কুমারী না বিধবা? আমি বললামঃ বরং বিধবা হে আল্লাহর রসূল! তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তবে তা কোন তরুণী (কুমারী) কেন নয় যে, (ইয়াহইয়া রিওয়ায়াতে) তুমি তার সঙ্গে আমোদ-স্কূর্তি করবে, সেও তোমার সাথে ক্রীড়া-কৌতুক করবে কিংবা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছিলেন, তুমি তার সঙ্গে হাস্য-রস করতে, সেও তোমার সঙ্গে হাস্য-রস করত

জাবির (রাযিঃ) বলেন, আমি তাকে বললাম, (আমার পিতা) আবদুল্লাহ নয়টি (কিংবা সাতটি) মেয়ে রেখে মৃত্যুবরণ করেছেন এবং আমি তাদের মাঝে তাদের মতো একজনকে নিয়ে আসা অপছন্দ করলাম। তাই আমি এমন একটি মহিলাকে নিয়ে আসা পছন্দ করলাম যে তাদের দেখাশুনা করবে এবং তাদের শুধরে দিবে ও গড়ে তুলবে। তিনি



(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তবে আল্লাহ তোমাকে বারাকাত দান করুন। তিনি আমাকে (এ ধরনের) কোন উত্তম কথা বললেন। আবূ রবী (রহঃ) এর রিওয়ায়াতে রয়েছে- "তুমি তার সঙ্গে আমোদ-স্কূর্তি করবে ও তার সঙ্গে হাস্যরস করবে, সেও তোমার সঙ্গে হাস্য রস করবে।" (ইসলামিক ফাউন্ডেশন ৩৫০৩, ইসলামীক সেন্টার ৩৫০২)

### **English**

Jabir b. 'Abdullah (Allah be pleased with them) reported:

'Abdullah died and he left (behind him) nine or seven daughters. I married a woman who had been previously married. Allah's Messenger () said to me: Jabir, have you married? I said: Yes. He (again) said: A virgin or one previously married? I said: Messenger of Allah, with one who was previously married, whereupon he said: Why didn't you marry a young girl so that you could sport with her and she could sport with you, or you could amuse with her and she could amuse with you? I said to him: 'Abdullah died (he fell as martyr in Uhud) and left nine or seven daughters behind him; I, therefore, did not approve of the idea that I should bring a (girl) like them, but I preferred to bring a woman who should look after them and teach them good manners, whereupon he (Allah's Messenger) said: May Allah bless you, or he supplicated (for the) good (to be) conferred on me (by Allah).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন